ভোরের কাগজ

তারিখ ... JUN 27 1999 ...
পৃঃ ৬ কলাম ৪

১৩।

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের জন্য ৩২ কোটি ৮৮ লাখ টাকার বাজেট ঘোষণা

চ. বি. সংবাদদাতা : সিন্ডিকেট ও ফাইন্যান্স কমিটির যৌথ সভায় গতকাল শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১৯৯৯-২০০০ সালের জন্য ৩২ কোটি ৮৭ লাখ ৯০ হাজার টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। অন্যদিকে ১ কোটি ৭ লাখ টাকা ঘাটতিসহ ১৯৯৮-৯৯ সালের ৩১ কোটি ৪২ লাখ টাকার সংশোধিত বাজেট ঘোষণা করা হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশনের ওপর আদালতের নিষেধাজ্ঞা থাকায় গতকাল সিন্ডিকেটের বিশেষ অধিবেশনে বাজেট পেশ করা হয়। উপাচার্য প্রফেসর আবদুল মান্নানের সভাপতিত্বে অনুষ্ঠিত অধিবেশনে বাজেট উপস্থাপন করেন বিশ্ববিদ্যালয়ের হিসাব নিয়ামক ছিদ্দিকুর রহমান ভুঁইয়া। ১৯৯৯-২০০০ সালের জন্য যে ৩২ কোটি ৮৭ লাখ ৯০ হাজার টাকার বাজেট ঘোষণা করা হয়েছে তার জন্য বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশন থেকে পাওয়া যাবে ২৯ কোটি ২৫ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ খাত থেকে আয় ধরা হয়েছে ১ কোটি ৮৫ লাখ টাকা। ফলে ১৯৯৯-২০০০ সালের বাজেটে ঘাটতির পরিমাণ দাঁড়াবে ১ কোটি ৭৭ লাখ ৯০ হাজার টাকা।

অন্যদিকে ১৯৯৮-৯৯ সালের সংশোধিত বাজেটে মূল ব্যয় ধরা হয়েছে ৩১ কোটি ৪২ লাখ টাকা। এতে মঞ্জুরি কমিশন থেকে পাওয়া গেছে ২৮ কোটি ৫৪ লাখ টাকা এবং বিশ্ববিদ্যালয়ের অভ্যন্তরীণ খাত থেকে আয় হয়েছে ১ কোটি ৮১ লাখ টাকা। ফলে সংশোধিত বাজেটে মোট আয় ধরা হয়েছে ৩০ কোটি ৩৫ লাখ টাকা এবং সার্বিক ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ১ কোটি ৭ লাখ। এতে গত কয়েক বছরে বিশ্ববিদ্যালয়ের মোট ঘাটতির পরিমাণ দাঁড়িয়েছে ৯ কোটি টাকার উপরে। বাজেট অধিবেশনে উপাচার্য জানান, সাময়িক ব্যবস্থা হিসেবে বিশ্ববিদ্যালয়ের অন্যান্য খাত থেকে ঋণ গ্রহণের মাধ্যমে এ ঘাটতি মোকাবিলা করা হচ্ছে।

'১৯৯৯-২০০০ সালের প্রস্তাবিত বাজেটে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা খাতে ব্যয় ধরা হয়েছে ২৪ কোটি ৪১ লাখ টাকা যা মোট বাজেটের শতকরা ৭৪ দশমিক ২৭ ভাগ। শিক্ষা ও সাধারণ খাতে ব্যয় ধরা হয়েছে ৮ কোটি ৪৬ লাখ টাকা যা মোট বাজেটের শতকরা ২৫ দশমিক ৭২ ভাগ।

এদিকে, বাজেট অধিবেশনে তথ্য প্রকাশ করা হয় যে, বিশ্ববিদ্যালয় বর্তমানে একজন ছাত্রের পিছনে প্রতিবছর ২৭ হাজার ৬৬৭ টাকা ভর্তুকি দিচ্ছে। বিশ্ববিদ্যালয় একজন ছাত্রের পিছনে প্রতিবছর ব্যয় করছে ২৮ হাজার ৫৫ টাকা এবং বিপরীতে ছাত্র প্রতি ফি বাবদ আদায় হচ্ছে ৪১৮ টাকা।